

# WICA এবং দেওয়ানি মামলা (অর্থাৎ প্রচলিত আইন মোতাবেক মামলা)-এর অধীনে কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ দাবী রুজু করার মধ্যে পার্থক্য কি?



আমি আমার কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতের জন্য ক্ষতিপূরণ দাবী করতে চাই। কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ আইন (WICA) এর অধীনে আমার কি ক্ষতিপূরণ দাবী করা উচিত? কিন্তু আমার বন্ধু আমাকে বলল যে, একজন আইনজীবী খুঁজে নিয়ে প্রচলিত আইনের অধীনে দাবী করতে।

যদি আপনি WICA- এর অধীনে দাবী করেন, আপনাকে শুধুমাত্র দেখানোর প্রয়োজন হবে যে কাজ করতে গিয়ে আঘাত লেগেছে। দাবী আদায়ের প্রক্রিয়া সহজ এবং এটা আপনি নিজেই করতে পারেন।

প্রচলিত আইনের অধীনে দাবী আদায়ের জন্য কি করণীয়?

আদালতে আপনাকে প্রমাণ করতে হবে যে আপনার নিয়োগকর্তা অথবা তৃতীয় পক্ষের ত্রুটির জন্য দুর্ঘটনাটি ঘটেছে। আপনার দাবীকৃত ক্ষতিপূরণের পরিমাণের কোন নির্দিষ্ট সীমা নাই, কিন্তু আপনাকে সহায়তা করার জন্য একজন আইনজীবী নিয়োজিত করার প্রয়োজন হতে পারে যিনি আপনার পক্ষে প্রাপ্য ক্ষতিপূরণের পরিমাণ বিচারককে ব্যাখ্যা করবেন।

আমি কি WICA এবং প্রচলিত আইন উভয়ের অধীনে ক্ষতিপূরণ দাবী করতে পারবো ?

না, আপনি শুধুমাত্র যেকোনো একটিতে কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণের দাবী করতে পারবেন।

যদি আমি WICA এর অধীনে দাবী আদায় করতে চাই, কখন আমাকে এটি করতে হবে?

যত তাড়াতাড়ি সম্ভব আপনাকে এটা করতে হবে, আপনার দুর্ঘটনার দিন থেকে এক বছরের মধ্যে।



## WICA এবং প্রচলিত আইনের অধীনে কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ দাবী সম্পর্কে আপনার যা জানা উচিত

### কর্মক্ষেত্রে প্রাপ্ত আঘাতজনিত ক্ষতিপূরণ আইন

- শুধুমাত্র দেখানোর প্রয়োজন হবে যে কাজ করতে গিয়ে আঘাত লেগেছে।
- ক্ষতিপূরণের পরিমাণ আপনার বয়স, বেতন এবং আঘাতের মাত্রার পরিমাণের উপর নির্ভর করবে।
- আইনজীবী নিয়োগ করার প্রয়োজন নাই। MOM আপনাকে সাহায্য করবে।

### প্রচলিত আইন

- প্রমাণ করতে হবে যে নিয়োগকর্তা অথবা তৃতীয় পক্ষের ত্রুটির জন্য দুর্ঘটনাটি ঘটেছে।
- ক্ষতি পূরণের উর্ধ্বসীমা নির্ধারিত নয় কিন্তু ক্ষতির বিষয়টি আদালতের সামনে প্রমাণ সাপেক্ষ
- একজন আইনজীবী নিয়োগ করার প্রয়োজন হতে পারে এবং মন্ত্রণালয় এই আদালত প্রক্রিয়ার অংশ নয়

যদি আপনার সহায়তার প্রয়োজন হয়, সেক্ষেত্রে MOM আপনাকে সহায়তা প্রদান করবে।

ঠিকানা: MOM Services Centre, 1500 Bendemeer Road, Singapore 339946

অফিসের সময়সূচী: সোমবার (Monday) থেকে শুক্রবার (Friday)

কার্যকাল: 8.00am to 5.30pm

ওয়েবসাইট: <http://www.mom.gov.sg/wic>